

বাংলাদেশ

ঢাকার পথে জাপানের উপহারের টিকার তৃতীয় চালান

কূটনৈতিক প্রতিবেদক ঢাকা



টিকার বৈশ্বিক উদ্যোগ কোভ্যাক্সের আওতায় বাংলাদেশকে দেওয়া জাপানের উপহারের তৃতীয় চালান আজ সোমবার ঢাকার উদ্দেশে টোকিও ছেড়েছে। জাপানের স্থানীয় সময় অনুযায়ী সোমবার রাত সোয়া ৯টায় নিপ্পন এয়ার ওয়েজের একটি ফ্লাইট ৬ লাখ ১৬ হাজার ৭৮০ ডোজ টিকা নিয়ে নারিতা আন্তর্জাতিক বিমানবন্দর ছেড়েছে। এই টিকা কাল মঙ্গলবার বিকেলে ঢাকায় পৌঁছাবে। এসব টিকা অক্সফোর্ড বিশ্ববিদ্যালয় ও অ্যাস্ট্রাজেনেকার উদ্ভাবিত।

জাপানের দেওয়া উপহারের টিকা নিয়ে ঢাকায় আসছে কার্গো বিমান ছবি : টোকিওতে বাংলাদেশ দূতাবাসের সৌজন্যে

বিজ্ঞাপন

টোকিও বাংলাদেশ দূতাবাস আজ সন্ধ্যায় ফেসবুক পেজে এ তথ্য জানিয়েছে।

এ নিয়ে তিন দফায় বাংলাদেশে ১৬ লাখ ৪৩ হাজার ৩০০ ডোজ অক্সফোর্ড-অ্যাস্ট্রাজেনেকার টিকা পাঠাচ্ছে জাপান। সব মিলিয়ে বাংলাদেশকে জাপানের ৩০ লাখ টিকা দেওয়ার কথা।

এর মধ্যে গত শনিবার দ্বিতীয় চালানে নিপ্পন এয়ার ওয়েজের একটি কার্গো বিমানযোগে ৭ লাখ ৮১ হাজার ৩২০ ডোজ টিকা আসে। আর গত ২৪ জুলাই প্রথম দফায় জাপান থেকে ২ লাখ ৪৫ হাজার ২০০ ডোজ টিকা ঢাকায় পৌঁছায়।